

website: www.bangladesh-bank.org
www.bangladeshbank.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৯

অক্টোবর ১১, ২০১০
তারিখ : -----
আশ্বিন ২৬, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,
প্রচলিত গ্রেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশে কার্যরত তফসিলী ব্যাংকসমূহ নিয়োগের ক্ষেত্রে প্রচলিত গ্রেডিং (জিপিএ বা সিজিপিএ) পদ্ধতির সাথে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণের ক্ষেত্রে একই নীতিমালা অনুসরণ করে না। প্রচলিত গ্রেডিং পদ্ধতির সাথে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতাকরণের নিমিত্তে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ০২ জুন, ২০০৯ তারিখে একটি প্রজ্ঞাপন জারী করা হয়। পরবর্তীতে উল্লিখিত প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে এস. এস. সি ও সমমান এবং এইচ. এস. সি ও সমমানের পরীক্ষার ক্ষেত্রে প্রচলিত গ্রেডিং পদ্ধতির সাথে সনাতন পদ্ধতির বিভাগ/শ্রেণীর সামঞ্জস্য বিধান করে ০২ মার্চ, ২০১০ তারিখে আরও একটি প্রজ্ঞাপন জারী করা হয় (কপি সংযুক্ত)।

এ প্রেক্ষিতে, তফসিলী ব্যাংকগুলোতে নিয়োগের ক্ষেত্রে প্রচলিত গ্রেডিং পদ্ধতির সাথে সনাতন পদ্ধতির বিভাগ/শ্রেণীর সমতাকরণের ক্ষেত্রে উল্লিখিত প্রজ্ঞাপনদ্বয়ে বর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনামতে

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

শাখা-১১

নং- শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪

তারিখঃ ১৮ ফেব্রুয়ারি ১৪১৬
০২ মার্চ ২০১০


প্রজ্ঞাপন

শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের জারীকৃত নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন সংশোধনক্রমে পুনরাদেশ না দেয়া পর্যন্ত এস.এস.সি ও সমমান এবং এইচ.এস.সি ও সমমান পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষা পাশের প্রচলিত জিপিএ এর সাথে সনাতন পদ্ধতির বিভাগ এর নিম্নরূপ সামঞ্জস্য বিধান করা হল :

| | | |
|----------------------------|---|--------------|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ | = | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | = | বিতীয় বিভাগ |
| জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম | = | তৃতীয় বিভাগ |

- ২। উল্লিখিত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।
- ৩। ইহা জনস্বার্থে প্রকাশ করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(স্বেচ্ছাত্মক রহমান)
সঠিক

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরম্স ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের প্রবর্তী সংখ্যায়
প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

শন্তিজ্ঞাতকী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

মৎ শিয়া/শাখা/অংশ/। ২৮২

তারিখ: ২ জুন ২০০৯ খ্রিস্টাব্দ
১৯ জ্যৈষ্ঠ ১৪১৬ বঙ্গাব্দ

বিজ্ঞাপন

বিষয়: প্রচলিত মেডিক পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতুল্যতা

দেশের প্রাচীন পরীক্ষাসমূহের ফলাফল প্রদানের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর অর্জিত মোট নথরের ডিস্টিটে বিভাগ/শ্রেণীতে বিন্যস্তকরণ পদ্ধতি রচিত করে হেভিং পদ্ধতি প্রবর্তনের ফলে বর্তমান প্রচলিত জিপিএ বা সিজিপিএ এর সঙ্গে পূর্বের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগ/শ্রেণী ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ হবে সে বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না ধারায় বিষয়টি বিশদভাবে পর্যাপ্তভাবে সরকার সিদ্ধান্ত প্রস্তুত করেছে যে, বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এবং বিপরীতে পূর্বের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণী নিম্নলিপে নির্ধারিত হবে:

(১) (ক) ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষা ঘোষিত ২০০৪ ও তৎপৰবর্তী সময়ের এস.এস.সি এবং এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| অর্জিত জিপিএ | পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণী |
|----------------------------------|------------------------------|
| ৪.০০ বা তদুক্ত | প্রথম বিভাগ |
| ৩.০০ বা তদুক্ত কিন্তু ৪.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| ১.০০ বা তদুক্ত কিন্তু ৩.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে-

| অর্জিত জিপিএ | পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণী |
|----------------------------------|------------------------------|
| ৩.৫০ বা তদুক্ত | প্রথম বিভাগ |
| ২.৫০ বা তদুক্ত কিন্তু ৩.৫০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| ১.০০ বা তদুক্ত কিন্তু ২.৫০ এর কম | তৃতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে-

(ক) বিশ্ববিদ্যালয় যে ক্ষেত্রে (৪ অথবা ৫) সিজিপিএ প্রদান করে সেই সিজিপিএ ক্ষেত্রে ৮০% এর সমান নথর ধরতে হবে;

(খ) উক্ত নথরের অনুপাতে অর্জিত সিজিপিএ এর নথরকে শতকরা নথরে রূপান্তর করতে হবে;

(গ) উপরি-উক্ত পদ্ধতিতে রূপান্তরিত শতকরা নথরের ডিস্টিটে নিম্নলিপে বিভাগ/শ্রেণী নির্ধারণ করতে হবে:

| নির্দিষ্ট নথর ব্যাপি (শতকরা হারে) | সমতুল্য শ্রেণী/বিভাগ |
|-----------------------------------|-----------------------|
| ৬০% বা তদুক্ত | প্রথম শ্রেণী/বিভাগ |
| ৪৫% বা ততোধিক কিন্তু ৬০% এর কম | দ্বিতীয় শ্রেণী/বিভাগ |
| ৩০% বা ততোধিক কিন্তু ৪৫% এর কম | তৃতীয় শ্রেণী/বিভাগ |

অর্ধেক কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪ অথবা ৫ ক্ষেত্রে সিজিপিএ প্রদত্ত হয়ে থাকলে, উপরি-উক্ত (২) (ক) ও (২)(খ) অনুসরে শতকরা হার নিরূপনের জন্য নিম্নের সূত্রটি ব্যবহার করতে হবেঁ।

সূত্রঃ $\frac{৮০}{৪} \times ৩ = ৬০\%$; অর্ধেক তার অর্জিত ফলাফল প্রথম শ্রেণী/বিভাগ হলে গণ্য হবে।

উদাহরণঃ কোন শিক্ষার্থী সিজিপিএ ৪.০০ ক্ষেত্রে ৩.০০পেচে থাকলে তার অর্জিত শ্রেণী/বিভাগ হবে নিম্নরূপঃ

$\frac{৮০}{৪} \times ৩ = ৬০\%$; অর্ধেক তার অর্জিত ফলাফল প্রথম শ্রেণী/বিভাগ হলে গণ্য হবে।

কোন শিক্ষার্থী সিজিপিএ ৫.০০ ক্ষেত্রে ৩.০০ পেচে থাকলে তার অর্জিত শ্রেণী/বিভাগ হবে নিম্নরূপঃ

$\frac{৮০}{৫} \times ৩ = ৪৮\%$; অর্ধেক তার অর্জিত ফলাফল দ্বিতীয় শ্রেণী/বিভাগ হলে গণ্য হবে।

১। ইহ জনস্বার্থে জারি করা হলো।

১২.০৪.০০
(বৈদেশ আতাউর রহমান)
সচিব

উপ নিম্নরূপ

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
ডেজনার স্টেশন প্রজ্যোগ্য বাংলাদেশ গেজেটের প্রকাশন একাশের জন্য অনুরোধ করা হলো।